



## হজ পালনে সৌদি আরবে যাচ্ছেন জামায়াত আমির



জাতীয় সংসদের বিরোধীদলীয় নেতা ও বাংলাদেশ জামায়াতে ইসলামীর আমির ডা. শফিকুর রহমান। ছবি: সংগৃহীত

জাতীয় সংসদের বিরোধীদলীয় নেতা ও বাংলাদেশ জামায়াতে ইসলামীর আমির ডা. শফিকুর রহমান পবিত্র হজ পালনের উদ্দেশ্যে সৌদি আরব যাচ্ছেন। দলীয় সূত্রে জানা গেছে, বুধবার (২০ মে) তিনি ঢাকায় ত্যাগ করবেন। পবিত্র এই ইবাদত সম্পন্ন করতে তিনি সৌদি আরবের পথে রওনা হবেন বলে মঙ্গলবার (১৯ মে) এক বিজ্ঞপ্তিতে জানানো হয়।

জামায়াতের কেন্দ্রীয় প্রচার বিভাগের সিনিয়র সহকারী মুজিবুল আলম স্বাক্ষরিত ওই বিজ্ঞপ্তিতে বলা হয়, বুধবার দুপুরে তিনি হজ পালনের উদ্দেশ্যে দেশ ছাড়বেন। হজ শেষে আগামী ১ জুন তার দেশে ফেরার কথা রয়েছে।

LENS ASIA